

# স্টুডেন্ট সেলফ হেল্প গ্রুপের বিবেক বাজার।



বিবেকানন্দ শতবার্ষিকী  
মহাবিদ্যালয়ের( মানিকপাড়া,  
ঝাড়গ্রাম) হীরক জয়ন্তী বর্ষ  
উদযাপন উপলক্ষে সপ্তাহ জুড়ে  
নানা ধরনের উৎসব অনুষ্ঠান হল।

10/08/2023- কলেজের  
এনএসএস ইউনিটের পরিচালনায়  
থ্যালাসেমিয়া পরীক্ষা শিবির হয়।  
প্রায় ৩০০ জনের কাছাকাছি  
ছাত্র-ছাত্রী এই শিবিরে অংশগ্রহণ  
করেছে। অতীতের সমস্ত রেকর্ড  
ব্রেক করে থ্যালাসেমিয়া পরীক্ষা  
করেছে ছাত্র ছাত্রীরা।

11/8/2023- কলেজের এম জি  
এন সি আর ই- ইউনিটের  
পরিচালনায় একটি সেমিনারীর

আয়োজন করা হয়েছিল।  
সেমিনারের বিষয়- "কলেজ  
ক্যাম্পাসে সবুজায়ন কেন  
জরুরী"। এই বিষয়ে প্রথম বক্তব্য  
রাখেন অধ্যক্ষ ড. উমা ভৌমিক।  
এরপর বক্তব্য রাখেন- ড. পম্পি  
ঘোষ( সহকারি অধ্যাপক, সেবা  
ভারতী মহাবিদ্যালয়, কাপগাড়ি)।  
এরপর বক্তব্য রাখেন- ড.  
দেবব্রত দাস( সহযোগী  
অধ্যাপক, লালগড় সরকারি  
মহাবিদ্যালয়)।



12/08/2023- এনএসএস  
ইউনিট এবং এম জি এন সি আর  
ই - ইউনিট দ্বারা আয়োজিত  
একটি একটি মনোজ্ঞ  
দেশাত্মবোধক অনুষ্ঠান- "মেরি  
মাটি মেরা দেশ"। বৃক্ষরোপণ  
দিয়ে এই অনুষ্ঠানের সূচনা হয়।  
এই অনুষ্ঠানের প্রধান বক্তা-  
অধ্যক্ষ ড. উমা ভৌমিক।  
এছাড়াও এই অনুষ্ঠানে বক্তব্য  
রাখেন অধ্যাপক মঞ্জুশা সিংহ  
মহাপাত্র, অধ্যাপক আদিত্য  
প্রকাশ সিংহ, ড. বিপ্লব কুমার,  
ড. মধুসূদন কামিল্যা।

14/08/2023- কলেজের গ্রীন  
ক্যাম্পাস কমিটি " সেমিনার হল"  
দত্তক নেয়। এই দিন হলটিকে  
পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়।  
প্রতিদিন যাতে এই হলটি  
পরিষ্কার থাকে, সে বিষয়ে দায়িত্ব  
নিল কলেজের গ্রীন ক্যাম্পাস  
কমিটি। এছাড়াও কলেজের  
ক্যারিয়ার কাউন্সিলিং কমিটি  
একটি সেমিনারের আয়োজন  
করে। এই সেমিনারে বক্তব্য  
রাখেন ঝাড়গ্রাম এমপ্লয়মেন্ট  
এক্সচেঞ্জ-র ডেপুটি ডিরেক্টর  
অরুনাভ দত্ত।

15/08/2023- জাতীয় পতাকা  
উত্তোলন এবং প্রভাত ফেরী হয়  
। কলেজের গ্রীন ক্যাম্পাস কমিটি  
সমগ্র ক্যাম্পাসটিকে প্লাস্টিক ফ্রি  
করা হয়। প্লাস্টিকের অপব্যবহার  
যাতে বন্ধ হয় সে বিষয়ে বেশ  
কয়েকটি পদক্ষেপ গ্রহণ করা  
হয়। সেইসঙ্গে পাঁচটি বট বৃক্ষ  
, পাঁচটি পিপুল গাছ এবং দশটি  
শিশু গাছ রোপন করা হয়।  
কলেজের গ্রীন ক্যাম্পাস কমিটির  
সদস্যরা এই গাছগুলি দেখভাল

করার জন্য দত্তক নেয়া।



লোক শিল্পের সম্ভার বসেছিল। এই  
ধরনের বাজার সম্পূর্ণ  
অভিনবাহাত্র-ছত্রীদের উৎসাহ  
সবচেয়ে বেশি ছিল বাজারে।  
সবশেষে মধ্যাহ্নভোজ।

16/08/2023- বৃক্ষরোপণ

অনুষ্ঠানের আয়োজন করে  
কলেজের গ্রীন ক্যাম্পাস কমিটি।  
কুড়িটি পলাশ গাছ রোপন করেন  
কলেজের অধ্যাপক ও  
অধ্যাপিকাগন। প্রতিটা গাছ  
রক্ষণাবেক্ষণের জন্য দত্তক গ্রহণ  
করেন শিক্ষক শিক্ষিকাগন।



17/08/2023- হীরক জয়ন্তী বর্ষ  
উপলক্ষে সাংস্কৃতিক শোভাযাত্রা  
হয় সকাল ১০ টা থেকে বারোটা  
পর্যন্ত। বারোটা থেকে শুরু হয়  
মনজ্ঞ সংস্কৃতি অনুষ্ঠান। এম জি  
এন সি আর ই - ইউনিট দ্বারা দুটি  
ডাস্টবিন উদ্বোধন হয়। এছাড়াও  
রয়েছে স্টুডেন্ট সেলফ হেল্প  
গ্রুপ দ্বারা পরিচালিত "বিবেক  
বাজার"। এই বাজারে হারিয়ে  
যাওয়া নানা রকম লোকখাদ্য ও